



রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড  
বাড়ি # ১৯, সড়ক # ১/বি, সেক্টর # ৯  
উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।  
আইসিটি সেল



বিষয়ঃ আরপিসিএল এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ সেলিম ভূঁইয়া ইনোভেশন অফিসার ও নির্বাহী পরিচালক (প্রকৌশল), আরপিসিএল
সভার তারিখ	০২/০৩/২০২৩ খ্রিঃ
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	অনলাইন জুম ভিডিও কনফারেন্সিং
উপস্থিতি	আরপিসিএল এর ইনোভেশন টিম ও আইডিয়া সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ

স্মারক নম্বর নম্বর ২৭.২৬.০০০০.০০৩.০৩.০০৩.১৭.৬ তারিখ ২৮ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিঃ এর মাধ্যমে জারিকৃত অফিস আদেশের ভিত্তিতে অনুষ্ঠিত ভারুয়াল সভায় সভাপতি সকলকে স্বাগত জানান। সভায় আরপিসিএল এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা (২০২২-২৩) বাস্তবায়নের নিমিত্ত নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র.	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা (২০২২-২৩) এর অগ্রগতি উপস্থাপন	সভায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর প্রতিটি কর্মসম্পাদন সূচকের অগ্রগতি উপস্থাপন করা হয়। ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় IOT এর ভূমিকা বিষয়ক একটি কর্মশালা আয়োজন করা হয়েছে। উক্ত কর্মশালায় প্রাপ্ত আইডিয়াগুলো উপস্থাপন ও আলোচনা করা হয়। এছাড়া অন্যান্য সূচক যথাসময়ে বাস্তবায়ন হবে বলে সভায় আশা প্রকাশ করা হয়।	১। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা (২০২২-২৩) মোতাবেক সকল সূচক যথাসময়ে প্রমানকসহ বাস্তবায়নের করতে হবে। ২। দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের লক্ষ্যমাত্রাটি অর্জনের লক্ষ্যে দ্রুত ব্যবস্থা গ্রহন করতে হবে। ৩। IOT কর্মশালায় প্রাপ্ত আইডিয়াগুলো আরও বিশদ পর্যালোচনা করতঃ বাস্তবায়ন করতে হবে।	আইসিটি সেল
২।	বাস্তবায়নাধীন আইডিয়া সমূহের অগ্রগতি	উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী ৫টি আইডিয়া বাস্তবায়নাধীন রয়েছে। তন্মধ্যে সভায় ২টি আইডিয়া প্রেজেন্টেশন আকারে উপস্থাপন করা হয়। সভায় সভাপতিসহ সকলেই উপস্থাপিত আইডিয়া দুটির প্রশংসা করেন এবং উদ্ভাবকদের ধন্যবাদ দেন। যেসব আইডিয়ায় এখনো বাস্তবায়ন হয়নি সেগুলো দ্রুত শেষ হবে বলে আশা প্রকাশ করা হয়।	আইডিয়াগুলো দ্রুত শেষ করে আগামী ১৫.০৩.২৩ খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্ল্যান্ট ইনচার্জ একটি অফিস আদেশ জারী করে সকলকে অবহিত করবেন।	আইডিয়া বাস্তবায়কারী

৩।	উদ্ভাবকগণকে সনদপত্র/ ফ্রেস্ট/ পুরস্কার প্রদান	আরপিসিএল কর্তৃক প্রতিবছর ইনোভেশন আইডিয়া আহবান করা হয়। বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের নিকট হতে প্রাপ্ত আইডিয়া বাছাই-পূর্বক বাস্তবায়ন করা হয়। উক্ত কার্যক্রমকে বেগবান করার লক্ষ্যে ইনোভেটিভ কর্মকর্তাদের পুরস্কার প্রদান বিষয়ে আলোচনা করা হয়।	২০২২-২৩ অর্থবছরের ৫টি আইডিয়া বাস্তবায়নকারীকে একটি করে সনদপত্র প্রদান ও তা পার্সোনাল ফাইলে অন্তর্ভুক্ত করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী ব্যবস্থাপক (আইসিটি)
----	---	---	---	----------------------------------

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ সেলিম ভূঁইয়া

ইনোভেশন অফিসার ও নির্বাহী পরিচালক  
(প্রকৌশল), আরপিসিএল

স্মারক নম্বর: ২৭.২৬.০০০০.০০৩.০৩.০০৩.১৭.৮

তারিখ: ২০ ফাল্গুন ১৪২৯

০৫ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) ব্যবস্থাপনা পরিচালক, রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড
- ২) সিস্টেম এনালিস্ট, তথ্য প্রযুক্তি শাখা, বিদ্যুৎ বিভাগ
- ৩) ইনোভেশন সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ



মোঃ আব্দুল বাতেন

উপ-ব্যবস্থাপক